


ই-ফাইল (নথি) ব্যবহার সহায়িকা

সূচিপত্র		
নম্বর	বিষয়বস্তু	পৃষ্ঠা
১.	লগইন প্রক্রিয়া	৩- ৫
২.	প্রোফাইল ব্যবস্থাপনা	৬ – ১২
৩.	ডাক	১৩ - ৪০
	৩.১.১ আগত ডাক	১৩ – ২৬
	৩.১.২ প্রেরিত ডাক	২৭ – ২৭
	৩.২ দাপ্তরিক ডাক	২৮ – ২৮
	৩.২.১ দাপ্তরিক ডাক আপলোড	২৮ – ৩০
	৩.২.২ খসড়া ডাকের তালিকা	৩১ – ৩১
	৩.৩ নাগরিক ডাক	৩২ – ৩২
	৩.৩.১ নাগরিক অফলাইন ডাক আপলোড	৩২ – ৩৩
	৩.৩.২ খসড়া ডাকের তালিকা	৩৩ – ৩৩
	৩.৩.৩ নাগরিক কর্নার	৩৪ – ৩৬
	৩.৪ নিবন্ধন বহি	৩৬ – ৩৭
	৩.৫ প্রতিবেদন সমূহ	৩৮ – ৩৯
	৩.৬ ডাক ট্র্যাকিং	৪০ – ৪০
৪.	নথি	৪১ – ৬৩
	৪.১ নথি ড্যাশবোর্ড	৪১ – ৪১
	৪.১.১ আগত নথি	৪১ – ৫২
	৪.১.২ প্রেরিত নথি	৫৩ – ৫৩
	৪.২ একটি ডাককে নথিতে পেশ করার প্রক্রিয়া	৫৩ – ৫৬
	৪.৩ নথি ব্যবস্থাপনা	৫৭ – ৬১
	৪.৪ নিবন্ধন বহি	৬২ – ৬২
	৪.৫ প্রতিবেদন সমূহ	৬৩ – ৬৩
৫.	পত্রজারী	৬৪ – ৭৪
	৫.১ টেমপ্লেট	৭৪ – ৮৪
৬.	সার-সংক্ষেপ	৮৫ – ৯৫
৭.	ড্যাশবোর্ড	৯৬ – ৯৬
৮.	দপ্তর	৯৭ – ১০২
৯.	এডমিন	১০৩ – ১১৫

ই-ফাইল সিস্টেমে প্রবেশ করার জন্য ব্রাউজারের অ্যাড্রেস বারে <http://www.nothi.gov.bd> লিখে “Enter” বাটনে ক্লিক করুন।

আপনি নিচের লগইন পেইজটি দেখতে পাবেন। এখানে আপনার ইউজার নেইম এবং পাসওয়ার্ড লিখুন।



চিত্র-১: নথিতে প্রবেশ করার জন্য লগইন পেজ

- লগইন আইডি: সিস্টেমে প্রবেশ করার জন্য ব্যবহারকারীর আইডি। আইডি বাংলা অথবা ইংরেজি ভাষাতে লিখা যাবে।
- পাসওয়ার্ড: ব্যবহারকারীর নিজস্ব পাসওয়ার্ড। পাসওয়ার্ড ইংরেজিতে লিখতে হবে।




চিত্র-১.১: লগইন তথ্য

ব্যবহারকারী সিস্টেমে প্রবেশের পূর্বে “মনে রাখুন” পাশে চেক ইন করে সিস্টেমে তাঁর লগইন আইডি ও পাসওয়ার্ড সেভ করে রাখতে পারেন। ফলে সিস্টেমে বারবার প্রবেশে সুবিধা হয়। এরপর “প্রবেশ” বাটনে ক্লিক করে ব্যবহারকারী সিস্টেমে প্রবেশ করতে পারবেন।

- ত্রুটি নোটিফিকেশন


ভুল ইউজার নাম বা পাসওয়ার্ড প্রদান করলে নিচের নোটিফিকেশনটি আসবে। এ ক্ষেত্রে সিস্টেমে প্রবেশ করার জন্য পুনরায় সঠিক ইউজার নাম এবং পাসওয়ার্ড প্রদান করতে হবে।



চিত্র-১.২: ত্রুটি নোটিফিকেশন


- ব্যবহারকারীর ড্যাশবোর্ড

ব্যবহারকারী পুনরায় সঠিক ইউজার নাম এবং পাসওয়ার্ড প্রদান করলে সিস্টেমে প্রবেশ করতে পারবেন এবং নিচের পেইজটি দেখতে পারবেন।



চিত্র-১.৩: লগইন পরবর্তী ব্যবহারকারীর ড্যাশবোর্ড

- ব্যবহারকারী সহায়িকা ডাউনলোড ও পাসওয়ার্ড রি-কভার



চিত্র-১.৪: ব্যবহার সহায়িকা ডাউনলোড ও পাসওয়ার্ড রি-কভার


ব্যবহারকারী যদি ব্যবহার সহায়িকা ডাউনলোড করতে চান তবে “ব্যবহার সহায়িকা” বাটনে ক্লিক করে ডাউনলোড করে নিতে পারবেন। যদি পাসওয়ার্ড ভুলে যান “পাসওয়ার্ড ভুলে গেছেন?” বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো আসবে:




চিত্র-১.৫:পাসওয়ার্ড রি-কভার অনুরোধ

ব্যবহারকারী তার প্রোফাইলে ব্যবহৃত ই-মেইল অ্যাড্রেস অথবা তার লগইন আইডি ব্যবহার করে পাসওয়ার্ড রি-কভার করতে পারবেন। “লগইন আইডি” চিহ্নিত ফিল্ডে ব্যবহারকারীর ই-মেইল বা তার লগইন আইডি দিয়ে “অনুরোধ করুন” বাটনে ক্লিক করলে ব্যবহারকারীর মেইলে একটি পাসওয়ার্ড রি-কভার মেইল যাবে। সেটা ব্যবহার করে ব্যবহারকারী তার পাসওয়ার্ড রি-কভার করে নিতে পারবেন। সব কার্যক্রম বাতিল করতে পারবেন “বাতিল করুন” বাটন ব্যবহার করে।


২. প্রোফাইল ব্যবস্থাপনা

ব্যবহারকারী যদি তাঁর প্রোফাইল ব্যবস্থাপনা করতে চান, তবে মেনুবারের  চিহ্নিত বাটনে ক্লিক করলে ড্রপডাউনে দুইটি অপশন দেখাবে:



চিত্র-২: ব্যবহারকারীর প্রোফাইল ব্যবস্থাপনা

ব্যবহারকারী প্রোফাইল ব্যবস্থাপনাতে ক্লিক করলে নিম্নোক্ত ছবির অনুরূপ তাঁর নিজের প্রোফাইলের ইনফরমেশন দেখতে পারবেন:



চিত্র-২.১(ক): প্রোফাইল তথ্য

এই উইন্ডো থেকে ব্যবহারকারী ড্যাশবোর্ডে ফিরে যেতে চাইলে “ড্যাশবোর্ড” বাটনে ক্লিক করতে হবে।

ব্যবহারকারী যদি তাঁর ইনফরমেশন আপডেট করতে চান, তবে প্রোফাইল তথ্য লেখাটির পাশে বিদ্যমান বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো আসবে:

প্রোফাইল তথ্য

পাসওয়ার্ড পরিবর্তন

ছবি পরিবর্তন

সেটিংস

প্রোফাইল তথ্য

নাম

সো: শাহাবুদ্দিন খান

Md. Shahabuddin Khan

বাবার নাম

বাবার নাম(বাংলা)

বাবার নাম(ইংরেজি)

মায়ের নাম

মায়ের নাম(বাংলা)

মায়ের নাম(ইংরেজি)

জন্ম তারিখ

2016-02-07

জাতীয় পরিচয়পত্র নং

1822309167490

জন্ম সনদ নং

জন্ম সনদ নং

পাসপোর্ট নং

পাসপোর্ট নং

লিঙ্গ

Male

ধর্ম

Islam

রক্তের গ্রুপ

--বাহাই করুন--

বৈবাহিক অবস্থা

Married

ব্যক্তিগত ই-মেইল

shahab_526@yahc

ব্যক্তিগত মোবাইল নম্বর

01820533860

বিকল্প মোবাইল নম্বর (ঐচ্ছিক)

01713061100

সংরক্ষণ করুন

ফেরত যান

ফেরত যান

চিত্র-২.১(খ): প্রোফাইল তথ্য

উপরোক্ত উইন্ডো থেকে ব্যবহারকারী প্রয়োজনীয় তথ্য আপডেট করতে পারবেন। আপডেট করার পর “সংরক্ষণ” বাটনে ক্লিক করলে প্রোফাইল আপডেট হবে। “ফেরত যান” বাটনে ক্লিক করলে আগের উইন্ডোতে ফিরে আসবে।

ব্যবহারকারী যদি তার প্রোফাইলের পাসওয়ার্ড পরিবর্তন করতে চান, তবে “পাসওয়ার্ড পরিবর্তন” বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো আসবে:


চিত্র-২.২(ক): পাসওয়ার্ড পরিবর্তন

এই উইন্ডো থেকে ব্যবহারকারী নতুন পাসওয়ার্ড দিবে এবং সেটা পুনরায় দিয়ে কনফার্ম করে “সংরক্ষণ” বাটনে ক্লিক করলে তাঁর পাসওয়ার্ড আপডেট হবে (অবশ্যই পাসওয়ার্ড দুটি একই হতে হবে)। পাসওয়ার্ড দুটি না মিললে নিম্নরূপ নোটিফিকেশন দেখতে পাবেন:



চিত্র-২.২(খ): পাসওয়ার্ড অমিল নোটিফিকেশন


ব্যবহারকারী যদি তাঁর প্রোফাইল ছবি পরিবর্তন করতে চান, তবে “প্রোফাইল ছবি পরিবর্তন” বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো আসবে:



চিত্র-২.৩: প্রোফাইল ছবি পরিবর্তন

এই উইন্ডো থেকে ব্যবহারকারী “ছবি বাছাই করুন” বাটনে ক্লিক করে ডিভাইস থেকে ছবি সিলেক্ট করতে পারবেন। “সংরক্ষণ” বাটনে ক্লিক করে ছবি পরিবর্তন করতে পারবেন। “রিসেট” বাটনে ক্লিক করলে বর্তমানে বিদ্যমান ছবি ফিরে আসবে।

প্রোফাইল স্বাক্ষর পরিবর্তন করার জন্য “স্বাক্ষর পরিবর্তন” বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো আসবে:



চিত্র-২.৪: প্রোফাইল স্বাক্ষর পরিবর্তন

এই উইন্ডো থেকে ব্যবহারকারী “স্বাক্ষর বাছাই করুন” বাটনে ক্লিক করে ডিভাইস থেকে ছবি সিলেক্ট করতে পারবেন। “সংরক্ষণ” বাটনে ক্লিক করে স্বাক্ষর পরিবর্তন করতে পারবেন। “রিসেট” বাটনে ক্লিক করলে বর্তমানে বিদ্যমান ছবি ফিরে আসবে।

ব্যবহারকারী তার ডাকসমূহের কার্যক্রমগুলোর জন্য প্রয়োজনীয় সেটিংসগুলো কাস্টমাইজ করে নিতে পারবেন। “নোটিফিকেশন বার” “Yes” করলে, ব্যবহারকারী তার নোটিফিকেশন বারে নির্দিষ্ট কার্যক্রমগুলোর নোটিফিকেশন দেখতে পারবেন। “ইমেইল” “Yes” করা হলে। ব্যবহারকারী তার প্রোফাইলে ব্যবহৃত ইমেইলে প্রয়োজনীয় নোটিফিকেশন গুলো পাবেন। “এসএমএস” “Yes” করা হলে। ব্যবহারকারী তার প্রোফাইলে ব্যবহৃত মোবাইল নাম্বারে প্রয়োজনীয় নোটিফিকেশন গুলোর এসএমএস পাবেন। সবক্ষেত্রে “No” সিলেক্ট করার মাধ্যমে নোটিফিকেশনগুলো বন্ধ করা যাবে। প্রোফাইল সেটিংস পরিবর্তন করার জন্য “সেটিংস” বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো আসবে:

👤 প্রোফাইল তথ্য
🔑 পাসওয়ার্ড পরিবর্তন
🖼️ ছবি পরিবর্তন
👤 স্বাক্ষর পরিবর্তন
⚙️ সেটিংস

সেটিংস

নোটিফিকেশন


	নোটিফিকেশন বার	ইমেইল	এস এম এস
ডাক আপলোড	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
ডাক ফরওয়ার্ড	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
আগত ডাক	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
প্রেরিত ডাক	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
ডাক নথিতে উপস্থাপিত	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
ডাকের বার্ষিক্য	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
আগত নথি	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
প্রেরিত নথি	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
পত্রাঙ্কারি খসড়া তৈরি	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No
পত্রাঙ্কারি পাঠানো	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No	<input type="checkbox"/> No


✔ Submit

চিত্র-২.৫: নোটিফিকেশন সেটিংস নির্ধারণ

“Submit” বাটনে ক্লিক করার পর সেটিংসগুলো কার্যকর হবে।

- লগ আউট

ব্যবহারকারী নথি সিস্টেম থেকে লগ আউট করতে চাইলে মেন্যুবারের  চিহ্নিত বাটনে ক্লিক করে ড্রপডাউনের “লগ আউট” বাটনে ক্লিক করতে হবে।



চিত্র-২.৬: লগ আউট


লগ আউট কনফার্ম করার জন্য ব্যবহারকারীকে নিম্নরূপ উইন্ডো দেখাবে যেখানে ব্যবহারকারীর কতটি পত্র এবং ডাক পেন্ডিং অবস্থায় আছে তা দেখাবে।



চিত্র-২.৭: লগ আউট কনফার্ম

৩. ডাক


ব্যবহারকারী নথি ব্যবস্থাপনা সিস্টেমে প্রবেশ করলেই ডাক ড্যাশবোর্ড দেখতে পাবেন অথবা উপরের ডান দিকের মেনু থেকে “ডাকে” ক্লিক করে ডাকে প্রবেশ করতে পারবেন। লেফট প্যানেলের “ড্যাশবোর্ড” এ ক্লিক করলে একই মেন্যু দেখতে পাবেন।



চিত্র-৩: ডাক মেনু

৩.১ আগত ডাক


ব্যবহারকারীর কাছে আগত ডাক (যা এখনো দেখা হয়নি) সংখ্যা আগত ডাকে এবং উপরের মেন্যুতে ডাকে সংখ্যা দ্বারা নোটিফিকেশন দেখাবে।



চিত্র-৩.১: আগত ডাক

আগত ডাকে সকল আগত ডাকের তালিকা দেখা যাবে। আগত ডাকের তালিকা থেকে আপনি যে কোনো ডাক বিস্তারিত ভাবে দেখতে পারবেন।

আগত ডাকে ক্লিক করলে আপনি আগত ডাকের তালিকায় প্রবেশ করতে পারবেন। যেসব ডাক এই ব্যবহারকারীর নিকট মূল প্রাপক হিসেবে পাঠানো হয়েছে, সেই ডাক গুলোর শুরুর চেক ইন বক্স থাকবে যাতে প্রয়োজনীয় কার্যক্রম করা যায়। অন্যদিকে, যেসব ডাক অনুলিপি হিসেবে এসেছে সেগুলোতে চেক-ইন বক্স দেখাবে না অর্থাৎ কোনো ধরনের কার্যক্রম নেয়া যাবে না শুধু ব্যবহারকারি দেখতে পাবে এবং চাইলে “মুছে ফেলুন” বাটন ব্যবহার করে ডিলিট করে দিতে পারবেন। নিচের ব্যাকগ্রাউন্ড নীল থাকলে বুঝা যাবে ওই ডাকটি এখনো দেখা হয়নি। অন্যদিকে, সাদা ব্যাকগ্রাউন্ড থাকার অর্থ হচ্ছে এই ডাকগুলো পূর্বে দেখা হয়েছে।



চিত্র-৩.১.১(ক): আগত ডাকের তালিকা

নিম্নের চিত্রে আমরা আগত ডাকের তালিকার বিভিন্ন অংশ সংখ্যা দ্বারা চিহ্নিত করে এর বিবরণ নিচে উপস্থাপন করব:



চিত্র-৩.১.১(খ): আগত ডাকের তালিকার বিভিন্ন অংশ


১. **আগত ডাক:** দেখা এবং অদেখা সকল ডাক এই তালিকায় পাওয়া যাবে। ডাকটি পূর্বে দেখা হলে ডাকের ব্যাকগ্রাউন্ড কালার সাদা হয়ে থাকবে। এই তালিকা থেকে এক বা একাধিক ডাক সিলেক্ট করলে নিম্নরূপ উইন্ডো ওপেন হবে:



চিত্র-৩.১.১(গ): নির্বাচিত ডাক ফরোয়ার্ড করুন

এই উইন্ডো থেকে ব্যবহারকারী প্রাপক(মূল প্রাপক, প্রাপকগণ) সিলেক্ট করে, নির্বাচিত নথির জন্য সিদ্ধান্ত দিয়ে “নির্বাচিত ডাক সমূহ ফরোয়ার্ড করুন” বাটনে ক্লিক করে ডাক ফরোয়ার্ড করতে পারবেন।

২. **বিস্তারিত:** বিস্তারিত চিহ্নে ক্লিক করলে একটি নির্দিষ্ট ডাকের বিস্তারিত দেখা যাবে। ব্যবহারকারী এই অপশনটি থেকে সম্পাদনার কাজ করতে পারবেন নিম্নের চিত্র অনুসারে।



চিত্র-৩.১.১(ঘ): বিস্তারিত পৃষ্ঠার বিভিন্ন অংশের কাজ

- A. ডাকের গোপনীয়তা প্রদর্শন
- B. ডাকের অগ্রাধিকার প্রদর্শন
- C. ডাকটিকে নথিতে উপস্থাপন করুন
- D. ডাকটিকে নথিজাত করুন
- E. ডাকটি প্রেরণ করুন

এছাড়াও ডাকের বিস্তারিত পেজে আরও যেসব বিষয় থাকে সেগুলো নিম্নরূপ:

The screenshot shows a web interface with a green header bar containing the word 'সংযুক্তি' (Attachments) and four red circular icons labeled I, H, G, and F. Below the header is a navigation bar with tabs for 'image', 'other', 'pdf', and 'সংযুক্তি'. A table lists four attachments:


SI.	Type	Name	Action
1	image	images%20%281%29	Download
2	other		Download
3	pdf	main_potro%20%282%29	Download
4	pdf	nusrat%20_Exam_Report%20%288%29	Download

Below the table is a blue button labeled 'প্রেরণ' (Send). Underneath, there is a section titled 'ডাক গতিবিধি নিবন্ধন বহি' (Mail Status Registration Book) with a search icon. Below that, there is a user profile section for 'প্রেরক: কোবিন্দু বেগম, অফিস সংবলিতী' (Sender: Kobindu Begum, Office Registered) with a date '১৫/০২/১৬ ১:১১ অপরাহ্ন'. Below the profile, there are two lines of text: 'মূল প্রাপক: বো: শাহজাহান বাম, ডেলা প্রাপক' (Main Recipient: Mr. Shahjahan Bham, Dala Recipient) and 'স্বত্বাধিকারী: বো: রাসেল পারভিন, স্বত্বাধিকারী ডেলা প্রাপক' (Owner: Mr. Rasel Parvin, Owner Dala Recipient). At the bottom, there is a small text: 'সমস্ত সিদ্ধান্তের জন্য প্রেরক দায়ী হবেন' (All decisions are the responsibility of the sender).

- F. ডাকটিতে বিদ্যমান সকল সংযুক্তি এই অংশে দেখা যাবে। ডাউনলোডে ক্লিক করে সংযুক্তিসমূহ ডাউনলোড করে নেয়া যাবে
- G. PDF আকারে যেসব সংযুক্তি আছে তা এখানে দেখা যাবে
- H. অন্যান্য ফরম্যাটে যেসব সংযুক্তি থাকবে তা এখানে দেখা যাবে
- I. Image আকারে যেসব সংযুক্তি থাকবে তা এই অংশে দেখা যাবে


ডাক বিস্তারিত পৃষ্ঠায় প্রেরণ আইকনে ক্লিক করে ডাকটিকে পরবর্তী কার্যক্রমের জন্য পাঠানো যাবে। ডাক গতিবিধি নিবন্ধন বহি অংশে ডাকের গতিবিধি পর্যালোচনা করা যাবে।

বিস্তারিত পৃষ্ঠা থেকে একটি ডাক ফরোয়ার্ড করা যাবে। ডাকটিকে ফরোয়ার্ড করার জন্য ব্যবহারকারীকে মূল প্রাপক নির্বাচন করতে হবে। চিত্রের প্রথম বুলেট সাইন তালিকা থেকে একজনকে মূল প্রাপক নির্বাচন করতে পারবেন। এছাড়াও ব্যবহারকারী বাম দিকের চেকবক্সের তালিকা থেকে এক বা একাধিক (ঐচ্ছিক) প্রাপকসমূহ নির্বাচন করতে পারবেন। ডাকের প্রাপক নির্বাচন করার পর বিবরণ পৃষ্ঠার ডানদিকে অফিসারদের সীল দেখাবে।



চিত্র-৩.১.১(ঙ): বিস্তারিত পৃষ্ঠা — সীল নির্বাচন

- একজনকে মূল প্রাপক নির্বাচন করতে পারবেন
- এক বা একাধিক (ঐচ্ছিক) প্রাপকসমূহ নির্বাচন করতে পারবেন
- নির্বাচিত অফিসারদের সীল
- যদি ব্যবহারকারী স্থায়ী সীল তৈরি করতে চান তবে সবুজ রংয়ের (+) আইকনে ক্লিক করে কর্মকর্তা/কর্মচারীদের তালিকা থেকে অফিস সীল সংরক্ষণ করতে হবে। নিম্নরূপ উইন্ডো আসবে:



সীল সংরক্ষণ করুন


সীল সংরক্ষণ করুন

বন্ধ করুন

চিত্র-৩.১.১(চ): সীল তৈরি

- যদি ব্যবহারকারী অস্থায়ী সীল তৈরি করতে চান তবে বেগুনি রঙের (+) আইকনে ক্লিক করে কর্মকর্তা/কর্মচারীদের তালিকা থেকে অস্থায়ী সীল সংরক্ষণ করতে হবে। চিত্র-৩.১.১(চ) এর অনুরূপ।
- কোনো প্রাপককে তালিকা থেকে বাদ দিতে চাইলে মুছে ফেলুন আইকনে ক্লিক করে বাদ দিতে হবে।

৩. ফরোয়ার্ড: আগত ডাকের তালিকা থেকে ডাক ফরোয়ার্ড করা যায়।



চিত্র-৩.১.১ (বা): আগত ডাকের তালিকা — ডাক ফরোয়ার্ড আইকন

- A. ফরোয়ার্ড আইকন।
- B. একজনকে মূল প্রাপক নির্বাচন।
- C. এক বা একাধিক (ত্রিচ্ছিক) প্রাপক নির্বাচন করা যাবে।
- D. ব্যবহারকারীর স্থায়ী সীল তৈরি করতে চাইলে সবুজ রঙের (+) আইকনে ক্লিক করে কর্মকর্তা/কর্মচারীদের তালিকা থেকে অফিস সীল সংরক্ষণ করতে হবে।
- E. ব্যবহারকারীর অস্থায়ী সীল তৈরি করতে চাইলে বেগুনী রঙের (+) আইকনে ক্লিক করে কর্মকর্তা/কর্মচারীদের তালিকা থেকে অফিস অস্থায়ী সীল সংরক্ষণ করতে হবে।
- F. কোনো প্রাপককে তালিকা থেকে বাদ দিতে চাইলে লাল রঙের মুছে ফেলুন আইকনে ক্লিক করতে হবে।
- G. বর্তমান ডাকের জন্য অগ্রাধিকার নির্বাচন।
- H. ডাকের জন্য প্রয়োজনীয় সিদ্ধান্ত দিতে পারবেন।
- I. ডাকটিকে পরবর্তী কার্যক্রমের জন্য ফরোয়ার্ড।
- J. উইন্ডোটি বন্ধ করা যাবে।

৪. নাগরিক ও দাপ্তরিক ডাকের ধরন: আগত ডাকের তালিকায় ধরনের আইকন দেখে বোঝা যাবে যে এটি নাগরিক ডাক। দেখুন চিত্র: ৩.১.১(খ)।

৫. সংযুক্তি: ডাকের সাথে সংযুক্তি ১ এর অধিক থাকলে পিন চিহ্ন দিয়ে দেখানো হবে। আর সংযুক্তি একটি বা না থাকলে নাই লেখা থাকবে। দেখুন চিত্র: ৩.১.১(খ)।

৬. নথিজাত করুন: আগত ডাকের তালিকা থেকে সরাসরি কোনো ডাক নথিজাত করা যাবে এই আইকনে ক্লিক করে। দেখুন চিত্র: ৩.১.১(খ)।

প্রেরক	বিষয়	অগ্রাধিক	৫	🔍	🔄	📄		
নথিজাত করুন →								
কার্যক্রম	উৎস	বিষয়	মূল প্রাপক	পূর্ববর্তী সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, গোপনীয়তা	ধরন	সংযুক্তি
☑️	🌐	খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, অতিঃ জেলা প্রশাসক	ই-ফাইলিং বিষয়িক	খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, অতিঃ জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	৬/৩/১৬ ১০:৩৩ পূর্বাহ্ন	🏠	নাই
☐	🌐	আক্তাবুচ্ছামান	ই-ফাইলিং বিষয়িক	খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, অতিঃ জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	৬/৩/১৬ ১০:৩১ পূর্বাহ্ন	👤	নাই


চিত্র-৩.১.১ (এ): আগত ডাকের তালিকা — নথিজাত করুন

৭. নথিতে উপস্থাপন করুন: আগত ডাকের তালিকা থেকে সরাসরি কোনো ডাক নথিতে উপস্থাপন করা যাবে এই আইকনে ক্লিক করে।

প্রেরক	বিষয়	অগ্রাধিক	৫	🔍	🔄	📄		
নথিতে উপস্থাপন করুন →								
কার্যক্রম	উৎস	বিষয়	মূল প্রাপক	পূর্ববর্তী সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, গোপনীয়তা	ধরন	সংযুক্তি
☑️	🌐	খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, অতিঃ জেলা প্রশাসক	ই-ফাইলিং বিষয়িক	খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, অতিঃ জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	৬/৩/১৬ ১০:৩৩ পূর্বাহ্ন	🏠	নাই
☐	🌐	আক্তাবুচ্ছামান	ই-ফাইলিং বিষয়িক	খন্দকার মোহাম্মদ আব্দুল্লাহ আল মাহমুদ, অতিঃ জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	৬/৩/১৬ ১০:৩১ পূর্বাহ্ন	👤	নাই

চিত্র-৩.১.১ (ট): আগত ডাকের তালিকা — নথিতে উপস্থাপন করুন


ব্যবহারকারী আগত ডাকের তালিকা থেকে প্রয়োজনীয় ডাক সিলেক্ট করে, নথিতে উপস্থাপন বাটনে ক্লিক করলে নিম্নরূপ উইন্ডো দেখতে পাবেন:



চিত্র-৩.১.১ (ঠ): নথিতে উপস্থাপন


এই উইন্ডো থেকে ব্যবহারকারী বর্তমান ডাকের জন্য নথি সিলেক্ট করতে পারবেন। নথি সিলেক্ট করলে ডান পাশে উক্ত নথির অন্তর্ভুক্ত নোটগুলো দেখা যাবে। এখানে “নতুন নোট” বাটনে ক্লিক করে “সংরক্ষণ” বাটনে ক্লিক করলে নথির ভিতর নোট তৈরি করা যাবে। ব্যবহারকারী “বন্ধ করুন” বাটনে ক্লিক করে উইন্ডোটি বন্ধ করতে পারবেন। এখান থেকে নতুন নথি তৈরি করতে পারবেন।

৮. রিসেট: আগত ডাকের তালিকা থেকে কোনো ডাক অনুসন্ধান করার জন্য যে সকল মাধ্যম আছে সেগুলোকে ব্যবহারের পর প্রাথমিক অবস্থা ফেরত আনার জন্য এই আইকনটি ব্যবহার করতে হবে।




চিত্র-৩.১.১ (ড): আগত ডাকের তালিকা — রিসেট আইকন

৯. অনুসন্ধান: আগত ডাকের তালিকা অনুসন্ধান করার জন্য যে সকল মাধ্যম আছে সেগুলিকে বাছাই করার পর অনুসন্ধান বাটনে ক্লিক করতে হবে।



চিত্র-৩.১.১ (ঢ): আগত ডাকের তালিকা — অনুসন্ধান আইকন

১০. গোপনীয়তা বাছাই: এই মেনুটি ব্যবহার করে আগত ডাকের তালিকা ডাকের গোপনীয়তা অনুযায়ী ফিল্টার করা যায়।



চিত্র-৩.১.১ (ণ): আগত ডাকের তালিকা — গোপনীয়তা বাছাই

১১. অগ্রাধিকার বাছাই: এই মেনুটি ব্যবহার করে আগত ডাকের তালিকা ডাকের অগ্রাধিকার অনুযায়ী ফিল্টার করা যায়।

দেখুন ১০ ডাক | মোট ২ টি ডাক পাওয়া গেছে

পাতা < ১ > এর ১

প্রেরক বিষয় অগ্রাধিকার

অগ্রাধিকার বাছাই করুন

জরুরি অবিলম্বে সর্বোচ্চ অগ্রাধিকার

কার্যক্রম	উৎস	বিষয়	মূল প্রাপক	অগ্রাধিকার, গোপনীয়তা	ধরন	সংযুক্তি
<input type="checkbox"/>	sdfdf	test	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসক	প্রেরণ করা হলো	১১:২০ অপরাহ্ন	নাই
<input type="checkbox"/>	কল্পনা রানী চক্রবর্তী, গোপনীয় শাখা, অফিস সহকারী	erere	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৩/২/১৬ ৫:৩৭ অপরাহ্ন	হাউস সংযুক্তি

কপিরাইট ২০১৫, এজেন্সি টি ইনকর্পোরেশন, প্রধানমন্ত্রীর কার্যালয়

চিত্র-৩.১.১ (ত): আগত ডাকের তালিকা — অগ্রাধিকার বাছাই

১২. **বিষয়:** এই ফিল্ডটি ব্যবহার করে আগত ডাকের তালিকায় ডাকের বিষয় দ্বারা অনুসন্ধান করা যায়।

দেখুন ১০ ডাক | মোট ২ টি ডাক পাওয়া গেছে

পাতা < ১ > এর ১


প্রেরক বিষয় অগ্রাধিকার

কার্যক্রম	উৎস	বিষয়	মূল প্রাপক	পূর্ববর্তী সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, গোপনীয়তা	ধরন	সংযুক্তি
<input type="checkbox"/>	sdfdf	test	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	১১:২০ অপরাহ্ন	২৩/২/১৬	নাই	
<input type="checkbox"/>	কল্পনা রানী চক্রবর্তী, গোপনীয় শাখা, অফিস সহকারী	erere	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	৫:৩৭ অপরাহ্ন	২৩/২/১৬	হাউস	সংযুক্তি

কপিরাইট ২০১৫, এজেন্সি টি ইনকর্পোরেশন, প্রধানমন্ত্রীর কার্যালয়

চিত্র-৩.১.১ (থ): আগত ডাকের তালিকা — বিষয় অনুসন্ধান


১৩. **প্রেরক:** এই মেনুটি ব্যবহার করে আগত ডাকের তালিকায় প্রেরকের নাম দ্বারা অনুসন্ধান করা যায়।



চিত্র-৩.১.১(দ): আগত ডাকের তালিকা — প্রেরক অনুসন্ধান

১৪. এক পেইজে সর্বমোট কতটি ডাক দেখা যাবে তা এখান থেকে নির্ধারন করে দেয়া যাবে। দেখুন চিত্র: ৩.১.১ (খ)।

১৫. **আগত ডাক:** আগত ডাক আইকনে ক্লিক করলে আগত ডাকের তালিকা প্রদর্শিত হবে।



চিত্র-৩.১.১ (খ): আগত ডাকের তালিকা আইকন

১৬. **প্রেরিত ডাক:** প্রেরিত ডাক আইকনে ক্লিক করলে প্রেরিত ডাকের তালিকা প্রদর্শিত হবে।

দপ্তর নথি ১ ডাক ৪ ড্যাশবোর্ড নাফিউল হাসান পরিচালক, পরিচালক - ১










আগত ডাক

আগত ডাক প্রেরিত ডাক নথিতে উপস্থাপিত ডাক নথিজাতকৃত ডাক

প্রেরিত ডাক সমূহ দেখুন

দেখুন ১০ ডাক | মোট ৫ টি ডাক পাওয়া গেছে পাতা < ১ > এর ১

প্রেরক বিষয় অগ্রাধিকার ৫

কার্যক্রম	উৎস	বিষয়	মূল প্রাপক	পূর্ববর্তী সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, পোপনীয়তা	ধরন	সংযুক্তি
<input type="checkbox"/>	 	কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন)	ই-ফাইল প্রশিক্ষণ বিষয়ক	নাফিউল হাসান, পরিচালক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৫/২/১৬ ১০:৫০ পূর্বাহ্ন		নাই
<input type="checkbox"/>	 	কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন)	ই-ফাইল চালুকরণের জন্য প্রত্নুতি বিষয়ক	নাফিউল হাসান, পরিচালক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৫/২/১৬ ১০:৪৭ পূর্বাহ্ন		নাই
<input type="checkbox"/>	 	কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন)	ই-ফাইল চালুকরণের জন্য প্রত্নুতি বিষয়ক	নাফিউল হাসান, পরিচালক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৪/২/১৬ ৫:১৮ অপরাহ্ন		নাই

চিত্র-৩.১.১ (ন): প্রেরিত ডাকের তালিকা আইকন

১৭. নথিতে উপস্থাপিত ডাক: নথিতে উপস্থাপিত ডাকের আইকনে ক্লিক করলে নথিতে উপস্থাপিত ডাক তালিকা প্রদর্শিত হবে।

দপ্তর নথি ১ ডাক ৪ ড্যাশবোর্ড নাফিউল হাসান পরিচালক, পরিচালক - ১










আগত ডাক

আগত ডাক প্রেরিত ডাক নথিতে উপস্থাপিত ডাক নথিজাতকৃত ডাক

নথিতে উপস্থাপিত ডাকসমূহ

দেখুন ১০ ডাক | মোট ৫ টি ডাক পাওয়া গেছে পাতা < ১ > এর ১

প্রেরক বিষয় অগ্রাধিকার ৫

কার্যক্রম	উৎস	বিষয়	মূল প্রাপক	পূর্ববর্তী সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, পোপনীয়তা	ধরন	সংযুক্তি
<input type="checkbox"/>	 	কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন)	ই-ফাইল প্রশিক্ষণ বিষয়ক	নাফিউল হাসান, পরিচালক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৫/২/১৬ ১০:৫০ পূর্বাহ্ন		নাই
<input type="checkbox"/>	 	কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন)	ই-ফাইল চালুকরণের জন্য প্রত্নুতি বিষয়ক	নাফিউল হাসান, পরিচালক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৫/২/১৬ ১০:৪৭ পূর্বাহ্ন		নাই
<input type="checkbox"/>	 	কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন)	ই-ফাইল চালুকরণের জন্য প্রত্নুতি বিষয়ক	নাফিউল হাসান, পরিচালক	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	২৪/২/১৬ ৫:১৮ অপরাহ্ন		নাই

চিত্র-৩.১.১ (প): নথিতে উপস্থাপিত ডাকের আইকন

১৮. নথিজাতকৃত ডাক: এই বাটনে ক্লিক করলে যে সব ডাক নথিজাতকৃত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে সেগুলোর তালিকা দেখা যাবে।

আপত ডাক প্রেরিত ডাক নথিতে উপস্থাপিত ডাক **নথিজাতকৃত ডাক**

নথিজাতকৃত ডাক

দেখুন ১০ ডাক | মোট ৬ টি ডাক পাওয়া গেছে **নথিজাতকৃত ডাকসমূহ** পাতা < ১ > এর ১

প্রেরক বিষয় অগ্রাধিকার বাছাই : গোপন


বিস্তারিত	উৎস	বিষয়	পরবর্তী সূত্র প্রাপক	সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, গোপনীয়তা	ধরন	সংযুক্তি
	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসক	Empty	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসক (জেলা প্রশাসকের কার্যালয়)	নথিজাত করা হয়েছে। নথি নং ০৪.৪৫.৩৯০০.০১১.০৩.০০২.১৬, বিষয়ঃ বল কারখানা পরিদর্শন	১৭/২/১৬ ১২:১৮ অপরাহ্ন		🏠	📎 ৩
	কল্পনা রানী চক্রবর্তী, অফিস সহকারী	redssf	মো: রাসেল সাবরিন, অতিঃ জেলা প্রশাসক (সার্বিক)	নথিজাত করুন	১৬/২/১৬ ৮:৩৩ অপরাহ্ন	অতি গোপনীয়	🏠	নাই
	Mr. A	Test2	কোহিনুর বেগম, অফিস	নথিজাত করুন	১৬/২/১৬ ১০:০০	অতি গোপনীয়	👤	নাই

কপিরাইট ২০১৫, এক্সেস টু ইনকরমেশন, প্রধানমন্ত্রীর কার্যালয়

চিত্র-৩.১.১ (ফ): নথিজাতকৃত ডাকের তালিকা

৩.১.২ প্রেরিত ডাক

বাম পাশের মেনু থেকে ড্যাশবোর্ডে ক্লিক করে ডাক ড্যাশবোর্ডে যাওয়া যাবে। ব্যবহারকারী যতগুলো ডাক প্রেরণ করেছেন তার সংখ্যা প্রেরিত ডাক বাটনে প্রদর্শিত হবে।



চিত্র-৩.১.২(ক): ডাক ড্যাশবোর্ড — প্রেরিত ডাক

প্রেরিত ডাক আইকনে ক্লিক করলে প্রেরিত ডাকের তালিকা প্রদর্শিত হবে। প্রেরিত ডাকের তালিকায় যে সকল মেনু, বাটন এবং লেবেল রয়েছে তার ব্যবহারও আগত ডাক তালিকার মতো।

বিভাগ/প্রেরক	উৎস	বিষয়	পরবর্তী মূল প্রাপক	সিদ্ধান্ত	তারিখ	অগ্রাধিকার, গোপনীয়তা	ধরন	সংযুক্তি
Mr. X		Test1	মো: রাসেল সাবরিন, অতিঃ জেলা প্রশাসক (সার্বিক)	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	১৭/২/১৬ ১১:৩০ অপরাহ্ন	অতি গোপনীয়		নাই
মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসক	পূর্বধলা পূর্বধলা পূর্বধলা	পূর্বধলা পূর্বধলা পূর্বধলা	মো: রাসেল সাবরিন, অতিঃ জেলা প্রশাসক (সার্বিক)	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	১৩/২/১৬ ১২:৪৯ অপরাহ্ন			
মোঃ আব্দুল মজিদ, স্টেনোগ্রাফার		Loan approval	মো: রাসেল সাবরিন, অতিঃ জেলা প্রশাসক (সার্বিক)	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	১৭/২/১৬ ১১:৩০ অপরাহ্ন	অতি গোপনীয়		নাই
মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসক		sdfrefewrw	কল্পনা রানী চক্রবর্তী, অফিস সহকারী (গোপনীয় শাখা)	সদয় সিদ্ধান্তের জন্যে প্রেরণ করা হলো	১৭/২/১৬ ১২:৪৬ অপরাহ্ন	জরুরি, অতি গোপনীয়		

চিত্র-৩.১.২ (খ): প্রেরিত ডাকের তালিকা।

৩.২ দাপ্তরিক ডাক

দাপ্তরিক ডাক আপলোড করার জন্য ডাক ড্যাশবোর্ডের বাম পাশে দাপ্তরিক ডাক মেনুতে ক্লিক করতে হবে। দাপ্তরিক ডাক মেনুতে ক্লিক করার পর ডাক আপলোড মেনুতে ক্লিক করলে দাপ্তরিক ডাক আপলোড ফরমটি প্রদর্শিত হবে।

৩.২.১ দাপ্তরিক ডাক আপলোড

দাপ্তরিক ডাক আপলোড ফরমটি মূলত চার ভাগে বিভক্ত। “অফিস বাছাই করুন” এর পাশের  চিহ্নিত বাটনে ক্লিক করলে ড্রপডাউনে নিম্নরূপ অফিস স্তর দেখাবে:


চিত্র-৩.২.১ (ক): দাপ্তরিক ডাক আপলোড — প্রেরক অংশ

এই উইন্ডোতে ব্যবহারকারী “প্রেরকের” অফিসের বিভিন্ন স্তর পর্যায়ক্রমে ক্লিক করলে প্রয়োজনীয় স্তর, ধরন, শাখা ও পদের ড্রপডাউন লিস্ট দেখতে পারবেন। উপরের বাম দিকে “ডাক আপলোড” বাটনে ক্লিক করলে বর্তমান ফরমটি রি-লোড হয়ে আসবে। “খসড়া ডাক” এ ক্লিক করলে যেসব ডাক প্রেরণ না করে সংরক্ষণ করা হয়েছে সেসব খসড়া ডাকের তালিকা দেখাবে। “প্রেরিত ডাক” এ ক্লিক করলে ব্যবহারকারীর প্রোফাইল থেকে প্রেরিত ডাকগুলোর তালিকা দেখতে পাবেন।

ডাকের বিবরণ

চিত্র-৩.২.১ (খ): দাপ্তরিক ডাক আপলোড — ডাকের বিবরণ অংশ

ডাকের বিবরণ অংশে স্মারক নম্বর এবং তারিখ সিস্টেম অটোজেনারেট করবে। প্রেরণের মাধ্যম ব্যবহারকারী ডপডাউন থেকে সিলেক্ট করবেন এবং অন্যান্য বিষয়গুলো ব্যবহারকারী তাঁর প্রয়োজন অনুযায়ী সিলেক্ট করবেন। ডাকের বিবরণ অংশে বিষয় লিখা বাধ্যতামূলক।



চিত্র-৩.২.১ (গ): দাপ্তরিক ডাক আপলোড — মূল প্রাপক অংশ

- A. এক বা একাধিক (ঐচ্ছিক) প্রাপকসমূহ নির্বাচন করতে পারবেন।
- B. নির্বাচিত অফিসারদের সীল।
- C. ব্যবহারকারী স্থায়ী সীল তৈরি করতে চাইলে সবুজ রঙের (+) আইকনে ক্লিক করে অফিস সীল তালিকা থেকে সীল সংরক্ষণ করতে হবে।
- D. ব্যবহারকারী অস্থায়ী সীল তৈরি করতে চাইলে বেগুনী রঙের (+) আইকনে ক্লিক করে অফিস সীল তালিকা থেকে সীল সংরক্ষণ করতে হবে।
- E. প্রাপককে তালিকা থেকে বাদ দিতে হলে লাল রঙের নির্দিষ্ট আইকনে ক্লিক করতে হবে।

ফাইল সংযুক্তি বাধ্যতামূলক। ফাইল সংযুক্ত করার জন্য 'ফাইল যুক্ত করুন' বাটনে ক্লিক করুন। ব্যবহারকারী ডাক আপলোড করে যে ফাইলে রেখেছেন সেই ফাইল থেকে ডাক ও অন্যান্য সংযুক্তি সিলেক্ট করে সংযুক্ত করুন। ডাক ও সংযুক্তি অপলোড হলে নিচের পেইজটি প্রদর্শিত হবে। সংযুক্তির সাথে কোনো বিবরণ দিতে চাইলে সংযুক্তির বিবরণ অংশে দিতে পারবেন।

সংযুক্তি *

ডাকের সংযুক্তির বিবরণ লিখুন

সংযুক্তির বিবরণ

ফাইল যুক্ত করুন

সব মুছে ফেলুন

সব তথ্য মুছে ফেলুন

এই সংযুক্তিটি মুছে ফেলুন


সংরক্ষণ

সংরক্ষণ এবং প্রেরণ

সংরক্ষণ এবং প্রেরণ করুন

ডাকটি সংরক্ষণ করুন

কপিরাইট ২০২৫, এক্সেস টু ইনকরমেশন, প্রধানমন্ত্রী



চিত্র-৩.২.১ (ঘ): দাপ্তরিক ডাক আপলোড — ডাক ও সংযুক্তি অপলোড

‘সব মুছে ফেলুন’ বাটনের পাশের সিলেক্ট বক্স সিলেক্ট করে ‘সব মুছে ফেলুন’ বাটনে ক্লিক করলে সকল সংযুক্ত ফাইল মুছে যাবে। এক বা একাধিক সংযুক্তি মুছে ফেলতে হলে সংযুক্ত ফাইলগুলোর পাশের বক্স সিলেক্ট করে মুছে ফেলুন বাটনে ক্লিক করতে হবে।

- **সংরক্ষণ:** ডাকের সব ফিল্ড পূরণ করার পরে সংরক্ষণ বাটনে ক্লিক করে ডাক সংরক্ষণ করা যাবে। সংরক্ষিত ডাক খসড়া ডাক তালিকায় দেখতে পাবেন।
- **সংরক্ষণ ও প্রেরণ:** ডাকের সব ফিল্ড পূরণ করার পরে সংরক্ষণ ও প্রেরণ বাটনে ক্লিক করলে ডাক সংরক্ষিত হবে এবং একইসঙ্গে প্রাপকের কাছে চলে যাবে এবং নিম্নরূপ নোটিফিকেশন দেখাবে:

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর

দাপ্তরিক আবেদনের রশিদ

রশিদ নং	: 2000011160308005
বিষয়	: test11
প্রেরকের নাম	: কোহিনুর বেগম
দপ্তরের নাম	: জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
তারিখ ও সময়	: ৮/৩/১৬ ৬:৩৫ অপরাহ্ন

Print



চিত্র – ৩.২.১ (ঙ): প্রাপ্তি স্বীকার রশিদ প্রিন্ট করুন

৩.২.২ খসড়া ডাকের তালিকা

দাপ্তরিক ডাকের অন্তর্ভুক্ত ‘খসড়া ডাক’ তালিকা থেকে এক বা একাধিক ডাক একসঙ্গে ফরোয়ার্ড করা যাবে। ‘কার্যক্রম’ বাটনটি দ্বারা কার্যক্রম সম্পাদন করা যাবে। খসড়া ডাকের তালিকার অন্যান্য বাটনগুলির ব্যবহার আগত ডাকের বাটনগুলোর ন্যায়।

খসড়া ডাক তালিকা

তারিখ	প্রেরক	প্রাপক	বিষয়	অগ্রাধিকার, গোপনীয়তা বাছ	সংস্কৃতি	প্রিন্ট	কার্যক্রম
১৮/১১/১৬ ১১:২২ অপরাহ্ন	মো: রেজাউল করিম, সহকারী কমিশনার	কোবিনুর কোম, অফিস সহকারী	test1		১		

চিত্র-৩.২.২: খসড়া ডাকের তালিকা

৩.৩ নাগরিক ডাক


নাগরিক ডাক দুইভাবে আপলোড করা যাবে।

- নাগরিক অফলাইন ডাক আপলোড
- নাগরিক কর্নার

নাগরিক অফলাইন ডাক আপলোড করার জন্য ব্যবহারকারী হিসাবে লগইন করতে হবে। নাগরিক হিসাবে লগইন করলে লগইন পৃষ্ঠার নিচে নাগরিক কর্নার মেনু থেকে আবেদন করা যাবে।

৩.৩.১ নাগরিক অফলাইন ডাক আপলোড

নাগরিক ডাক আপলোড করার জন্য ডাক ড্যাশবোর্ডের অন্তর্ভুক্ত নাগরিক ডাক বাটনে ক্লিক করতে হবে। নাগরিক ডাক মেনুতে ক্লিক করার পর নাগরিক ডাক আপলোড বাটনে ক্লিক করলে নাগরিক ডাক আপলোড ফরমটি দেখাবে।



চিত্র-৩.৩.১ (ক): নাগরিক অফলাইন ডাক আপলোড

নাগরিক অফলাইন ডাক আপলোড ফরমটিতে লাল তারকা দেওয়া অংশগুলি বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। বাকি অংশগুলি নিয়ে পূর্ববর্তী অধ্যায়ে আলোচনা করা হয়েছে।

ন্যাগরিক ডাক আপলোড

ডাকের বিবরণ

ন্যাশনাল আইডি	<input type="text"/>	জন্ম সনদ	<input type="text"/>
পাসপোর্ট	<input type="text"/>		
নাম (বাংলা) *	<input type="text"/>	নাম (ইংরেজি) *	<input type="text"/>
পিতার নাম (বাংলা / ইংরেজী) *	<input type="text"/>	মাতার নাম (বাংলা / ইংরেজী) *	<input type="text"/>
বর্তমান ঠিকানা *	<input type="text"/>	স্থায়ী ঠিকানা *	<input type="text"/>

ই-মেইল মোবাইল নম্বর *

জাতীয়তা -- বাছাই করুন -- লিঙ্গ -- বাছাই করুন -- ধর্ম -- বাছাই করুন --

বিষয় *

গোপনীয়তা অগ্রাধিকার

মূল প্রাপক

পদ	মূল প্রাপক	প্রাপক সমূহ
ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ড রুম, সেকশন	<input type="radio"/>	<input type="text"/>

অফিসার

সংযুক্তি *

সংযুক্তির বিবরণ

+ ফাইল যুক্ত করুন সব মুছে ফেলুন

সংরক্ষণ সংরক্ষণ এবং প্রেরণ

চিত্র-৩.৩.১ (খ): নাগরিক অফলাইন ডাক আপলোড ফরম।

৩.৩.২ খসড়া ডাকের তালিকা

‘নাগরিক খসড়া ডাকের তালিকা’ থেকে এক বা একাধিক ডাক একসঙ্গে ফরোয়ার্ড করা যাবে এবং প্রিন্ট বাটনে ক্লিক করে খসড়া ডাকটি প্রিন্ট করা যাবে। খসড়া ডাকের তালিকার অন্যান্য বাটনগুলির ব্যবহার পূর্ববর্তী অধ্যায়ে আলোচনা করা হয়েছে।

ডাক আপলোড

খসড়া ডাক

নির্বাচিত ডাকটি ফরোয়ার্ড করণ

নির্দিষ্ট ডাক সিলেক্ট

ডাকের বিস্তারিত প্রিন্ট

খসড়া ডাকটি সম্পাদনা করণ

চিত্র-৩.৩.২: নাগরিক খসড়া ডাকের তালিকা

৩.৩.৩ নাগরিক কর্নার

নাগরিক হিসাবে লগইন করলে লগইন পৃষ্ঠার নিচে নাগরিক কর্নার মেনু থেকে আবেদন করা যাবে।

চিত্র-৩.৩.৩ (ক): নাগরিক কর্নার।

নাগরিক কর্নার অংশটিতে ক্লিক করলে নিম্নের পৃষ্ঠা প্রদর্শিত হবে।

চিত্র-৩.৩.৩ (খ): নাগরিক কর্নার

এখন “আবেদন করুন” অংশে ক্লিক করলে নাগরিক সেবা ফরম প্রদর্শিত হবে।

নাগরিক সেবা ফরম

আবেদন প্রেরণ করুন পিছনে যান

নাগরিক আবেদন প্রেরণ করুন পিছনে যান

অফিস বাছাই করুন

মহালায় --বাছাই করুন--

দপ্তরের স্তর --বাছাই করুন--

দপ্তর / অফিসপত্রের ধরন --বাছাই করুন--

অফিস * ----

নিজ পরিচিতি

ন্যাশনাল আইডি

নাম (বাংলা) *

পিতার নাম (বাংলা / ইংরেজি) *

বর্তমান ঠিকানা *

ই-সেইল

আত্মীয়তা বাংলাদেশী

কম্প সনদ

নাম (ইংরেজি) *

মাতার নাম (বাংলা / ইংরেজি) *

স্থায়ী ঠিকানা *

বর্তমান ঠিকানা

মোবাইল নম্বর *

শিক্ষা পুরুষ

ধর্ম মুসলিম

আবেদনের বিবরণ

বিষয় *

বিবরণ *

সেবা প্রাপ্তির মাধ্যম চিঠি


সংযুক্তি

কম্বিন যুক্ত করুন সব নুড়ে ফেলুন


নাগরিক আবেদন প্রেরণ করুন আবেদন প্রেরণ করুন পিছনে যান পিছনে যান

চিত্র-৩.৩.৩ (গ): নাগরিক সেবা ফরম

এই ফরম লাল তারকা সম্বলিত ফিল্ডগুলো বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। নাগরিক সেবা ফরমের সব ফিল্ড পূরণ করার পরে 'আবেদন প্রেরণ করুন' বাটনে ক্লিক করলে ডাকটি প্রাপকের কাছে চলে যাবে। আবেদনটি প্রেরিত হয়ে গেলে নাগরিককে একটি ট্র্যাকিং নম্বর প্রদান করা হবে।




নাগরিক তাঁর আবেদন গ্রহণ নম্বরটি (ট্র্যাকিং নম্বর) সংরক্ষণ করে রাখবেন এবং পরবর্তীতে এই নম্বর ও মোবাইল নম্বর দিয়ে প্রেরিত আবেদনটি খুঁজতে পারবেন।



চিত্র-৩.৩.৩(ঘ): ট্র্যাকিং নম্বর

৩.৪ নিবন্ধন বহি

এই মেনুর অধীনে ডাক নিবন্ধন বহিসমূহ অন্তর্ভুক্ত রয়েছে।



চিত্র-৩.৪ (ক): নিবন্ধন বহি

- ডাক গ্রহণ নিবন্ধন বহি
- ডাক বিলি নিবন্ধন বহি
- শাখা ডায়েরি নিবন্ধন বহি
- ডাক গতিবিধি নিবন্ধন বহি

নিম্নের চিত্রে নিবন্ধন বহির উদাহরণ হিসাবে ‘ডাক গ্রহণ নিবন্ধন বহি’ প্রদর্শিত হয়েছে। অন্যান্য নিবন্ধন বহির কার্যপ্রক্রিয়া এর অনুরূপ। নিবন্ধন বহিতে নিবন্ধিত ডাক দিন, সপ্তাহ ও মাস দিয়ে ফিল্টার করা যাবে।


চিত্র-৩.৪ (খ): ডাক গ্রহণ নিবন্ধন বহি

সকল ধরনের নিবন্ধন বহি বিভিন্ন ক্যাটাগরির সময় দিয়ে সার্চ করা যাবে।

চিত্র-৩.৪ (গ): নিবন্ধন বহি সার্চ

৩.৫ প্রতিবেদনসমূহ

প্রতিবেদনসমূহ মেনু হতে ডাক-সংক্রান্ত সকল প্রতিবেদন দেখা যাবে।



চিত্র-৩.৫(ক): প্রতিবেদনসমূহ

- অমীমাংসিত ডাক তালিকা
- মীমাংসিত ডাক তালিকা
- নথিতে উপস্থাপিত ডাক তালিকা
- নথিজাত ডাক তালিকা
- পত্রজারী ডাক তালিকা

নিম্নের চিত্রে প্রতিবেদনের উদাহরণস্বরূপ ১টি প্রতিবেদন প্রদর্শিত হয়েছে। সকল প্রতিবেদনের কার্যপ্রক্রিয়া এর অনুরূপ। প্রতিবেদনসমূহ দিন, সপ্তাহ ও মাস দিয়ে খুঁজতে পারবেন।

ডাশবোর্ড

অমীমাংসিত ডাক তালিকা

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর

ক্রমিক সংখ্যা	গ্রহণ নম্বর	স্মারক নং	আবেদনের তারিখ	বিষয়	আবেদনকারী	মূল প্রাপক	প্রাপ্তির তারিখ	গোপনীয়তা	অগ্রাধিকার
১	৪১	০৩.০৭২.০০২৭.০০০.১৪.০০১.১৬-১	২৪/২/১৬ ১১:১২ গুর্বিহ	গত ২২১৫-৬৭ তারিখের সভার কাম্বুকিবরী	মোঃ আবুল কলাম আছাদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়	২৪/২/১৬ ১১:১২ গুর্বিহ		
২	৪৯	০৩.৪৪.০২০০.০১১.২৪.০০১.১৬-০৯	২৩/২/১৬ ৪:০৭ অপরহু	৪৪৪৪	কমনা রানী চক্রবর্তী, গোপনীয় শাখা, ক্রফিস সহকারী, গোপনীয় শাখা, জেলা	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা	২৩/২/১৬ ৪:০৭ অপরহু		

কপিরাইট ২০১৫, এড্বেস টু ইনফরমেশন, প্রধানমন্ত্রীর কার্যালয়

চিত্র-৩.৫ (খ): অমীমাংসিত ডাক তালিকা

সকল ধরনের প্রতিবেদনসমূহ বিভিন্ন ক্যাটাগরির সময় অনুযায়ী সার্চ করা যাবে।

ডাশবোর্ড

অমীমাংসিত ডাক তালিকা

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর

ক্রমিক সংখ্যা	গ্রহণ নম্বর	স্মারক নং	আবেদনের তারিখ	বিষয়	আবেদনকারী	মূল প্রাপক	প্রাপ্তির তারিখ	গোপনীয়তা	অগ্রাধিকার
১	৪১	০৩.০৭২.০০২৭.০০০.১৪.০০১.১৬-১	২৪/২/১৬ ১১:১২ গুর্বিহ	গত ২২১৫-৬৭ তারিখের সভার কাম্বুকিবরী	মোঃ আবুল কলাম আছাদ, প্রধানমন্ত্রীর কার্যালয়, মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়	২৪/২/১৬ গুর্বিহ		
২	৪৯	০৩.৪৪.০২০০.০১১.২৪.০০১.১৬-০৯	২৩/২/১৬ ৪:০৭ অপরহু	৪৪৪৪	কমনা রানী চক্রবর্তী, গোপনীয় শাখা, ক্রফিস সহকারী, গোপনীয় শাখা, জেলা	মো: শাহাবুদ্দিন খান, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা	২৩/২/১৬ অপরহু		

কপিরাইট ২০১৫, এড্বেস টু ইনফরমেশন, প্রধানমন্ত্রীর কার্যালয়

চিত্র-৩.৫ (গ): প্রতিবেদনসমূহ টুলস

৩.৬ ডাক ট্র্যাকিং

৩.৬.১ দাপ্তরিক ডাক ট্র্যাকিং: আবেদন গ্রহন নম্বর ও মোবাইল নম্বর দিয়ে “খুঁজুন” বাটনে ক্লিক করলে প্রত্যাশিত ডাকটির বিস্তারিত জানা যাবে।

চিত্র - ৩.৬.১: দাপ্তরিক ডাক ট্র্যাকিং

৩.৬.২ নাগরিক ডাক ট্র্যাকিং: আবেদন গ্রহন নম্বর ও মোবাইল নম্বর দিয়ে “খুঁজুন” বাটনে ক্লিক করলে প্রত্যাশিত ডাকটির বিস্তারিত জানা যাবে।


চিত্র - ৩.৬.২: নাগরিক ডাক ট্র্যাকিং

৪. নথি

নথি ব্যবস্থাপনা সিস্টেমে প্রবেশ করে উপরের ডানদিকের মেনু থেকে “নথি”তে ক্লিক করে নথির ড্যাশবোর্ডে প্রবেশ করা যাবে।

৪.১ নথি ড্যাশবোর্ড


নথি ড্যাশবোর্ডের জন্য উপরের ডানদিকের মেনু থেকে নথি সিলেক্ট করুন। নিচের পেইজটি দেখতে পাবেন।



চিত্র-৪.১: নথি ড্যাশবোর্ড


৪.১.১ আগত নথি

আপনার কাছে যতটি নথি এসেছে তার সংখ্যা আগত নথি বাটনে প্রদর্শিত হবে।



চিত্র-৪.১.১(ক): আগত নথি

নতুন কোনো নথি আসলে উপরের মেনুতে নথি বাটনে নতুন আগত নথির সংখ্যা নোটিফিকেশন আকারে দেখাবে। আগত নথিতে সকল আগত নথির তালিকা দেখা যাবে। আগত নথির তালিকা থেকে যে কোনো নথি বিস্তারিত ভাবে দেখা যাবে। আগত নথি বাটনে ক্লিক করে আগত নথির তালিকায় প্রবেশ করা যাবে।



চিত্র-৪.১.১ (খ): আগত নথির তালিকা

নিম্নে চিত্রের মাধ্যমে আগত নথির তালিকা পৃষ্ঠার বিভিন্ন অংশের কাজ বর্ণনা করা হল:



চিত্র-৪.১.১ (গ): আগত নথির তালিকা পৃষ্ঠার বিভিন্ন অংশের কাজ

১. **আগত নথি:** দেখা এবং অদেখা সকল নথি এই তালিকায় পাওয়া যাবে।

২. **বিস্তারিত:** বিস্তারিত চিহ্নে ক্লিক করলে একটি নির্দিষ্ট নথির বিস্তারিত দেখা যাবে।

ব্যবহারকারী এই অপশনটি থেকে সম্পাদনার কাজ করতে পারবেন নিম্নের চিত্র অনুসারে:

শেখা প্রশাসকের কার্যালয়, ছাত্তানপুর
অনুশীলন মন্ত্রণালয়

দপ্তর নথি ভাক ভাশবোর্ড

নথি: শাহজুলকিন খান
শেখা প্রশাসক, শেখা প্রশাসকের কার্যালয়

সকল নোট
নতুন নোট

সকল নোট
তালিকা ও
নতুন নোট
তৈরি

শাখাঃ জেলা প্রশাসকের কার্যালয়; নথি নম্বরঃ ০৫.৪৫.৩৯০০.০২৫.০৩.০০১.১৬; বিষয়ঃ অন্নন বিল

নথি তালিকা

নথি তালিকা

প্রেরণ করুন

অনুমতি সংশোধন

পত্রাংশ

পত্রাংশ

পত্রাংশ

সকল পত্র

পত্র গুপ

অনুমতি সংশোধন

স্মারক নংঃ 6547658678746546

ID	First Name	Last Name	City	Flight	Phone Num	Ad
1	Elvis	Presley	Baltimore	Set A to Z	5551212	
(New)				Set Z to A		

কপিরাইট ২০১৫, এঙ্গেল টু ইনফরমেশন, প্রধানমন্ত্রীর কার্যালয়

চিত্র-৪.১.১(ঘ): বিস্তারিত পৃষ্ঠার বিভিন্ন অংশের কাজ

নথি পৃষ্ঠার উপরের অংশটি মূলত নথির তথ্য বহন করে।

- বর্তমান নথিটির মধ্য বিদ্যমান সকল নোট তালিকা দেখা যাবে। “নতুন নোট” এ ক্লিক করলে নোট তৈরি করতে পারবেন।
- নথির মধ্য বিদ্যমান নোটাংশ সমূহ, নতুন অনুচ্ছেদ তৈরি(নিচে দেখানো হল) এবং প্রেরণ করা যাবে।
- নথির সকল পত্র ও পত্র গুপ এখানে দেখা যাবে।
- বর্তমান নথিটির জন্য অনুমতি প্রাপ্তদের সংশোধন করা যাবে এখান থেকে।
- নথিটি প্রেরণ করা যাবে।
- নথির তালিকায় ফিরে যাওয়া যাবে।

একটি নথিতে দুইটি অংশ থাকে নোটাংশ ও পত্রাংশ।

নোটাংশ

M N

সংরক্ষণ করুন

অনুচ্ছেদঃ ১

K সংরক্ষণ করুন L সংরক্ষণ করুন ও নতুন অনুচ্ছেদ খুলুন

বিষয়: A অনুচ্ছেদের বিষয় দিন

বিবেচ্য পত্র: B পতাকা C অনুচ্ছেদ D

সিদ্ধান্ত: E সংযুক্ত-রেফ I

Formats Font Sizes B I U

F বিবরণ লিখুন

G সংযুক্তি H সংযুক্তির রেফারেন্স দিন J

user manual (2).png 144.59 KB

সংরক্ষণ করুন সংরক্ষণ করুন ও নতুন অনুচ্ছেদ খুলুন

চিত্র-৪.১.১(ঙ): নোটাংশ-এর বিভিন্ন অংশ

নোটাংশ-তে কোনো একটি ডাকের জন্য নোট দেওয়া যাবে এবং সেই নোট প্রেরণ করা যাবে। লাল অ্যারো চিহ্নিত স্থানগুলোতে নোট সংশ্লিষ্ট প্রয়োজনীয় বিষয়গুলো সিলেক্ট করতে পারবে।

- A. অনুচ্ছেদের বিষয় দেয়া বাধ্যতামূলক। এই অংশে প্রয়োজনীয় বিষয় দিন
- B. বিবেচ্য পত্র দিন
- C. অনুচ্ছেদে পতাকা সংযুক্ত করুন
- D. কোন অনুচ্ছেদের অর্ন্তভুক্ত তা সিলেক্ট করুন
- E. প্রয়োজনীয় সিদ্ধান্ত সিলেক্ট করুন
- F. অনুচ্ছেদটির জন্য বিবরণ লিখুন
- G. সংযুক্তি দিন
- H. সংযুক্তির জন্য রেফারেন্স ব্যবহার করুন
- I. সংযুক্তির রেফারেন্সটি সিলেক্ট করে বিবরণীতে সংযুক্ত করুন।
- J. রেফারেন্সটি রিমুভ করুন
- K. অনুচ্ছেদটি সংরক্ষন করুন
- L. অনুচ্ছেদটি সংরক্ষন করুন এবং নতুন আরেকটি অনুচ্ছেদ তৈরি করুন
- M. সকল অনুচ্ছেদগুলো দেখুন
- N. অনুচ্ছেদটি প্রিন্ট করুন
- O. সম্পূর্ণ পেজে দেখুন

সংরক্ষন করার পর নোটাংশ দেখতে নিম্নরূপ হবেঃ

শাখাঃ জেলা প্রশাসকের কার্যালয়; নথি নম্বরঃ ০৫.৪৫.৩৯০০.০০০.৭৪.০০১.১৬; বিষয়ঃ বিনিয়োগ প্রকল্প

নোটাংশ

অনুচ্ছেদটি সম্পাদনা করুন

বিষয়ঃ test

অনুচ্ছেদঃ ১.০

একনত। tt.

পত্রজারী খসড়া তৈরি করুন

অনুচ্ছেদটি মুছে ফেলুন

সংযুক্তি

১	user manual (4).png	সংযুক্তি ডাউনলোড করুন
---	---------------------	-----------------------

সংযুক্তি মুছে ফেলুন

নতুন অনুচ্ছেদ

প্রেরণ করুন

প্রেরণ করুন


নতুন অনুচ্ছেদ তৈরি করুন

চিত্র-৪.১.১(চ): নোটাংশ-এর বিভিন্ন অংশ

পত্রাংশের অধীনে দুইটি অংশ রয়েছে:

- সকল পত্র
- পত্র গ্রুপ

সকল পত্র অংশে মূলত নোটের ডাক এবং অনুচ্ছেদের সঙ্গে সংযুক্ত ফাইলগুলো দেখাবে। পত্র গ্রুপ অংশে একটি নোটের মধ্য বিদ্যমান পত্রগুলো বিষয় ভিত্তিক ভাবে গুঁফে থাকবে।



চিত্র-৪.১.১(ছ): পত্রাংশ-এর বিভিন্ন অংশ

- পত্রাংশের উইন্ডোটি বড় করে দেখা যাবে।
- পত্রজারীর খসড়াটি খসড়া পত্র হিসেবে দেখা যাবে এবং নিম্নরূপ কার্যাবলী সম্পন্ন করা যাবে।
- খসড়া পত্রটি প্রিন্ট করা যাবে।
